

## অধিবেশনের লক্ষ্য

ধানের রোগবালাই সম্পর্কে হাতে-কলমে শিক্ষা দেয়া।

## অধিবেশনের উদ্দেশ্য


▶ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণঃ

ব্যবহারিক ক্লাশের মাধ্যমে হাতে কলমে ব্যাকটেরিয়া, ছত্রাক, ভাইরাস ও কৃমি জনিত আক্রান্ত রোগের লক্ষণ, ক্ষতির ধরণ সম্পর্কে সরাসরি জ্ঞান অর্জন করতে পারবে।।

সময়	বিষয়বস্তু	পদ্ধতি
------	------------	--------

## ব্যবহারিক পদ্ধতি

## দল তৈরী করন



রোগবালাই সম্পর্কিত তাত্ত্বিক ক্লাশের পর ১০ জনের ছোট দল তৈরি করে প্রতি দলে একজন রোগতত্ত্ববিদ সহায়তাকারী হিসাবে সহযোগিতা প্রদান করবেন। নমুনা সংরক্ষণে কাগজ চাপা দেয়ার জন্য প্রতি দলে খাতা/বই এবং পলি ব্যাগ সরবরাহ করতে হবে। প্রশিক্ষণার্থীগণকে নিয়ে সাহায্য প্রদানকারীগণ ল্যাবরেটরী/গ্রীণ হাউজ/আক্রান্ত ধানের মাঠ পরিদর্শন করবেন। মাঠ ভ্রমণের সময় ধান গাছে রোগ আক্রমণের লক্ষণের নমুনা সংগ্রহ করে সংরক্ষণ করুন এবং সহায়তাদানকারীর সাথে আলোচনার মাধ্যমে সঠিক কারণ/উত্তর জেনে নিন।

মাঠ পরিদর্শনের পর সকল দল সংগৃহিত নমুনা সহ ক্লাশে ফিরে এসে প্রতিটি দলের দলনেতা তাদের সংগৃহিত নমুনা প্রদর্শন পূর্বক উপস্থাপন করবেন এবং সহায়তাদানকারীগণ এ ব্যাপারে সকল প্রকার সহযোগিতা প্রদান করবেন।

## সহায়তাদানকারী যা করবেন

প্রথমে ক্লাশটির উদ্দেশ্য এবং ব্যবহারিক পদ্ধতি ব্যাখ্যা করবেন এবং দল তৈরিতে সাহায্য করবেন। মাঠ থেকে দৃশ্যমান সকল রোগের আক্রমণের নমুনা সংগ্রহ করতে সাহায্য করবেন এবং সাময়িক সংরক্ষণে সহযোগিতা করবেন। সংগৃহিত সকল প্রকার নমুনা চিহ্নিত করতে সাহায্য করবেন। ক্লাশে ফিরে সকল দলকে উপস্থাপনে সাহায্য করবেন। গাছের কোন অবস্থায় কোন রোগ আক্রমণ করে এবং কোন মৌসুমে কোন রোগটি বেশী হয় কারনসহ আলোচনা করবেন।



সময় ৯০ মিঃ